



ଜଗନ୍ନାଥ ବିଶ୍ୱବିଦ୍ୟାଳୟ
Jagannath University



ଜଗନ୍ନାଥ ବିଶ୍ୱବିଦ୍ୟାଳୟের সাথে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সমঝোতা স্মারক স্বাক্ষরিত



উচ্চশিক্ষা ও গবেষণা ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতার লক্ষ্যে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সাথে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। ২৬ জুন ২০২৪-বুধবার রাবির শহীদ সৈয়দ নজরুল ইসলাম প্রশাসন ভবনস্থ উপাচার্য দপ্তরে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের পক্ষে উপাচার্য অধ্যাপক গোলাম সাব্বির সান্তার এই সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। পরে উপাচার্য স্বাক্ষরিত সমঝোতা স্মারক বিনিময় করেন।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



প্রসঙ্গত, ২৪ জুন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পক্ষে উপাচার্য অধ্যাপক সাদেকা হালিম, পিএইচডি এই সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

সমঝোতা স্মারক স্বাক্ষরকালে অন্যদের মধ্যে রাবি উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক মো. সুলতান-উল-ইসলাম, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার অধ্যাপক মো. তারিকুল হাসান, অফিস অব ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্সের পরিচালক অধ্যাপক মো. আজিজুর রহমান, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের অফিস অব এক্সটার্নাল অ্যাফেয়ার্সের পরিচালক ড. মো. আব্দুল মালেকসহ সংশ্লিষ্ট অন্যান্য উপস্থিত ছিলেন।

স্বাক্ষরিত সমঝোতা স্মারকের আওতায় দুই বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, গবেষক ও সংশ্লিষ্ট অন্যদের বিনিময়, বৈজ্ঞানিক যন্ত্রপাতি ও অন্যান্য শিক্ষা উপকরণ বিনিময়, স্বল্প মেয়াদী প্রশিক্ষণ কর্মসূচি ও যৌথ গবেষণা প্রকল্প গ্রহণ করবে।

এই সমঝোতা স্মারকের মেয়াদ হবে ৩ বছর এবং পরবর্তীতে যা বাড়ানো যাবে।